দৈনিক জনকণ্ঠ

তারিখ: 18 JUL 2016
পৃষ্ঠা: ২ কলাম: ২

সংসদে বিল পাস

# গাজীপুরে ডিজিটাল ভার্সিটি ও শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় হচ্ছে

সংসদ রিপোর্টার ॥ রাজধানীর পার্শ্ববর্তী জেলা গাজীপুরে দেশের প্রথম ডিজিটাল ইউনিভার্সিটি ও কবিগুরুর স্মৃতিবিজড়িত সিরাজগঞ্জের শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হবে। জাতীয় সংসদ অধিবেশনে এ সংক্রান্ত পৃথক দুটি বিল পাস হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রবিবার বিল দুটি পাসের প্রস্তাব উথাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়।

ডেপুটি স্পীকার এ্যাডভোকেট ফজলে রাব্বী মিয়ার সভাপতিত্বে সংসদ অধিবেশনে শিক্ষামন্ত্রী প্রথমে 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ আইন-২০১৬' ও পরে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন-২০১৬' পাসের প্রস্তাব উথাপন করেন। বিল পাসের আগে জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাব দেন বিরোধী দল জাতীয় পার্টি ও স্বতন্ত্র সংসদ সদস্যরা। কিন্তু তাদের প্রস্তাব কণ্ঠভোটে নাকচ হয়ে যায়। পরে বিল দুটি সর্বসম্মতিতে পাস হয়। গত ৮ ফেব্রুয়ারি জাতীয় সংসদে বিল দুটি উথাপনের পর অধিকতর পরীক্ষা-নিরীক্ষার জন্য শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়। কমিটির সুপারিশকৃত আকারে বিল দুটি পাস হয়। রাষ্ট্রপতির অনুমোদনের পর বিল দুটি আইনে পরিণত হবে।